# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৮২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৩. যাতে উযু নষ্ট হয় এবং (স্ত্রীকে) স্পর্শ করা ও চুমা দেয়া

## بَابُ صِفَةِ مَا يَنْقُضُ الْوُضُوءَ ، وَمَا رُوِيَ فِي الْمُلَامَسَةِ وَالْقُبْلَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ بْنِ مَزْيَدٍ ، أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ شُعَيْبٍ ، نَا شَيْبَانُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ ، عَنِ الْحَسَنِ بْنِ دِينَارٍ ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ ، عَنْ أَبِيهِ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ ؛ أَنَّ رَجُلًا قَالَ : سَأَلْتُ عَائِشَةَ عَنِ الرَّجُلِ يُقَبِّلُ امْرَأَتَهُ بَعْدَ الْوُضُوءِ ؟ فَقَالَتْ : كَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يُقَبِّلُ بَعْضَ نِسَائِهِ وَلَا يُعِيدُ الْوُضُوءَ . فَقُلْتُ لَهَا : لَئِنْ كَانَ ذَلِكَ ، مَا كَانَ إِلَّا مِنْكِ . قَالَ ـ فَسَكَتَتْ . هَكَذَا قَالَ فِيهِ " أَنَّ رَجُلًا قَالَ : سَأَلْتُ عَائِشَةَ .... " . وَذَكَرَهُ ابْنُ أَبِي دَاوُدَ ، قَالَ : حَدَّثَنَا جَعْفَرُ بْنُ مُحَمَّدِ بْنِ الْمَرْزُبَانِ ، نَا هِشَامُ بْنُ عُبَيْدِ اللَّهِ ، نَا مُحَمَّدُ بْنُ جَابِرٍ ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ عَائِشَةَ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِهَذَا

বাংলা

৪৮২(১১). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... উরওয়া ইবনুয যুবায়ের (রহঃ) থেকে বর্ণিত। এক ব্যক্তি বলল, আমি আয়েশা (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, কোন ব্যক্তি উযু করার পর তার স্ত্রীকে চুমা দিয়েছে (তাকে কি উযু করতে হবে)? আয়েশা (রাঃ) বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কোন স্ত্রীকে চুমা দিতেন কিন্তু পুনরায় উযু করতেন না। আমি তাকে বললাম, যদি তাই হয়ে থাকে তবে আপনি (আয়েশা) ব্যতীত অপর কেউ নন। তিনি নীরব থাকলেন।

এই হাদীসে এরূপ বর্ণনা করা হয়েছেঃ ’এক ব্যক্তি বলল, আমি আয়েশা (রাঃ)-কে জিজ্ঞেস করেছি’। ইবনে আবু দাউদ তা উল্লেখ করেছেন। তিনি বলেন, আমাদের নিকট এই হাদীস বর্ণনা করেছেন জা’ফার ইবনে মুহাম্মাদ ইবনুল মারযুবান- হিশাম ইবনে উবায়দুল্লাহ-মুহাম্মাদ ইবনে জাবের-হিশাম ইবনে উরওয়া-তার পিতা-আয়েশা (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80271

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন